



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৩ মার্চ, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৩ মার্চ, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল সাড়ে ৯টায় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার শুভ উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, খেলার মধ্যে হার-জিত থাকবে। পরাজিত হলে খেলোয়ারসুলভ মানসিকতা নিয়ে তা মেনে নিতে হবে। কোনক্রমেই মাঠে গোলযোগ সৃষ্টি করা যাবে না। খেলা পরিচালনার সাথে যুক্ত কর্মকর্তাদের নির্দেশ পুরোপুরিভাবে মানতে এবং তাদের সহযোগিতা করতে তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে খেলাধুলা ও ক্রীড়া উপ-কমিটির সভাপতি প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম, প্রফেসর ড. ইফতেখার আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।

উদ্বোধনী খেলায় নৃবিজ্ঞান বিভাগ বাংলা বিভাগের সাথে ২-০ গোলে জয়ী হয়। আগামী ২৪ মার্চ প্রতিযোগিতার ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার